

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ১৯শে আষাঢ়, ১৪০৯/তুলা জুলাই, ২০০২

এস,আর,ও নং ১৭৭-আয়কর/২০০২।—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত শর্তে পাঁচ বছরের জন্য নতুন স্থাপিত শিল্প প্রতিষ্ঠানের, অতঃপর উক্ত শিল্প প্রতিষ্ঠান বলিয়া উল্লিখিত, অর্জিত আয়ের উপর প্রদেয় আয়করের হার হ্রাস (reduction) করিয়া ২০% নির্ধারণ করিল, যথা:-

- (ক) উক্ত শিল্প প্রতিষ্ঠান ১লা জুলাই, ২০০২ ইঁ হইতে ৩০শে জুন, ২০০৫ ইঁ তারিখের মধ্যে স্থাপিত হইতে হইবে;
- (খ) উক্ত শিল্প প্রতিষ্ঠান কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীনে নিবন্ধিত হইতে হইবে;
- (গ) উক্ত শিল্প প্রতিষ্ঠান বিদ্যমান কোন শিল্পের সম্প্রসারিত ইউনিট হইবে না;
- (ঘ) উক্ত শিল্প প্রতিষ্ঠান Income Tax Ordinance, 1984 এর section 46A এর বিধান অনুযায়ী কর অব্যাহতি (exemption from tax) প্রাপ্ত হইবে না;
- (ঙ) উক্ত শিল্প প্রতিষ্ঠান Income Tax Ordinance, 1984 এর THIRD SCHEDULE এর paragraph 7 অনুযায়ী তুরায়িত অবচয় ভাতা (accelerated depreciation allowance) সুবিধা প্রাপ্ত হইবে না;
- (চ) উক্ত শিল্প প্রতিষ্ঠানের জন্য সাধারণ অবচয় হার পরিগণনার (calculation of normal depreciation allowance) ক্ষেত্রে "written down value" এর পরিবর্তে প্রকৃত মূল্য (actual value) এর উপর হিসাব করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন ১লা জুলাই, ২০০২ হইতে কার্যকর হইবে।

Bangladesh Tax Update

www.kdry.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ দেলোয়ার হোসেন

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)